দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 29 2000
পৃষ্ঠা 7 কলাম 7

76

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় লাইব্রেরীর আধুনিকায়ন প্রয়োজন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরীতে রহিয়াছে লক্ষাধিক বই। পর্যাপ্ত বই থাকা সত্ত্বেও ছাত্র-ছাত্রীরা এখান হইতে সর্বোচ্চ সুবিধা ভোগ করিতে পারিতেছে না। লাইব্রেরী হইতে বই তুলিবার মান্ধাতার আমলের যে পদ্ধতি ব্যবহার করা হয়, তাহা পরিবর্তন করিয়া কম্পিউটারাইজড করা অত্যাবশ্যক। কষ্ট করিয়া ক্যাটালগ হইতে কল নম্বর বাহির করিয়া বই চাহিলে অধিকাংশ সময়ই বলা হয়, বই নাই-শিক্ষকরা ইস্যু করিয়াছেন। এই বিড়ম্বনা এড়াইবার জন্য যেসব বই এক কপি রহিয়াছে; সেগুলির ইস্যু বন্ধ করা উচিত। কোন কোন বইয়ের ১০/১২টি সংস্করণ বাহির হইয়াছে। অথচ আমাদের প্রথম সংস্করণের বই পড়িতে হইতেছে। কোন গুরুত্বপূর্ণ জার্নালই নিয়মিত রাখা হয় না। পরিবর্তিত বিশ্ব ব্যবস্থায় আমরা যদি উন্নত প্রযুক্তিকে গ্রহণ না করি, তবে সন্দেহাতীতভাবেই আমাদের পিছাইয়া পড়িতে হইবে। সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ইন্টারনেট ব্যবহারের সুযোগ দেওয়া হইয়াছে। এমতাবস্থায়, আমাদেরও ইন্টারনেট ব্যবহারের সুযোগ ও সেইসাথে লাইব্রেরীটির আধুনিকায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

মোঃ জাকির হোসেন,
আন্তর্জাতিক সম্পর্ক,
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,
সাভার, ঢাকা।